চরকুমারিয়া ইসলামিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসা
আলিম ২য় বর্ষ
অনলাইন নির্বাচনী পরীক্ষা-২০২১ ইং
বিষয় ঃ বাংলা ১ম পত্র

সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান ঃ ৭০

সৃজনশীল প্রশ্ন ঃ

যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও ঃ

গদ্যাংশ

০১। 'তরুন নামের জয়মুকুট শুধু তাহারই যাহার শক্তি অপরিমাণ গতিবেগ ঝঞ্ঝার ন্যায়, তেজ নির্মেঘ আষাঢ় মধ্যাহ্নের মার্তণ্ডপ্রায়, বিপুল যাহার আশা, ক্লান্তিহীন যাহার উৎসাহ, বিরাট যাহার ঔদার্য, অফুরন্ত যাহার প্রাণ, অটল যাহার সাধনা, মৃত্যু যাহার মুঠিতলে।

(ক) অতিরিক্ত বিনয় মানুষকে কি করে? ০১
(খ) মানুষে মানুষে যেখানে প্রাণের মিল- একথার দ্বারা লেখক কি বোঝাতে চেয়েছেন? ০২
(গ) উদ্দীপকে তারুণ্যের যে সংজ্ঞা দেওয়া হয়েছে তার সাথে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকের মিল আছে বুঝিয়ে লেখ। ০৩
(ঘ) উদ্দীপকের মর্মার্থে 'আমার পথ' প্রবন্ধের লেখকের মনোভাব ফুটে উঠেছে কি? তোমার মতামত দাও। ০৪

০২। 'মাগো ভাবনা কেন? আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে তবু শত্রু এলে অস্ত্র হাতে লড়তে জানি তোমার ভয় নেই মা আমরা প্রতিবাদ করতে জানি।' এভাবেই এই দেশকে ভালোবেসে এ দেশের প্রতিবাদী মানুষ ব্যক্তিগত সুখ-স্বাচ্ছন্দ্য বিসর্জন দিয়েছেন।

(ক) 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধটির কোন গ্রন্থে সংকলিত? ০১
(খ) 'মানুষের যখন পতন আসে, তখন পদে পদে ভুল হতে থাকে'- ব্যাখ্যা কর। ০২
(গ) উদ্দীপকের শেষ বাক্যটির 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধে কিভাবে প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ০৩
(ঘ) উদ্দীপকের তাৎপর্য 'বায়ান্নর দিনগুলো'র চেতনার আলোকে বিশ্লেষণ কর। ০৪

০৩। "দেখতে কেমন তুমি? অনেকেই প্রশ্ন করে, খোঁজে কুলজি তোমার আঁতিপাঁতি। তোমার সন্ধানে ঘোরে ঝানু গুপ্তচর, সৈন্য পাড়ায় পাড়ায়। তন্ন তন্ন করে খোঁজে প্রতি ঘর। পারলে নীলিমা চিরে বের, করতো তোমাকে ওরা, দিত ডুব গহন পাতালো।"

(ক) 'বর্ষাকালেই তো জুত'-এ কথাটি কে বলেছিল? ০১
(খ) নুরুল হুদা বারবার বাড়ি পাল্টান কেন? ০২
(গ) উদ্দীপকে 'রেইনকোট' গল্পের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা কর। ০৩
(ঘ) উদ্দীপকে 'রেইনকোট' গল্পের পূর্ণ প্রতিনিধিত্ব করে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ০৪

০৪। বান্ধবীর বাড়ি বেরিয়ে এসেই সীমা শুরু করল ঝগড়া। দেখ তো, ওদের বাড়িতে টিভি, দামি ফ্রিজ কতকিছু। আর এসবের কোন কিছুই আমার নাই। কাউকে বাড়ি আনতে আমার লজ্জাবোধ লাগে। এমন অশান্তি সহ্য করতে না পেরে সীমার স্বামী রুবেল অফিসের ক্যাশ থেকে এক লাখ টাকা সরিয়ে ফ্রিজ, টিভি কিনে আনে। মাস শেষে হিসাবে ধরা পড়বে এই ভেবে সে টাকা যোগাড় করতে অফিস শেষে অটোরিকশা চালায়। মাসের শেষের দিকে এসে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয় রুবেল। অফিসের বস্এদখতে এলে বসের হাত ধরে রুবেল বিষয়টি খুলে বলে। বস বললেন, "তুমি আমাকে বললেই তো পারতে। আমিই তোমাকে টাকা দিতাম, তোমার এত কষ্ট করতে হতো না। বোকা ছেলে।"

(ক) 'নেকলেস' গল্পে কোন নাচের কথা উল্লেখ আছে। ০১
(খ) "তার ছিল না কোনো আনন্দ, কোনো আশা।" কেন? বুঝিয়ে লেখ। ০২
(গ) সীমার সাথে 'নেকলেস' গল্পের কার মিল পাওয়া যায় বুঝিয়ে লেখ। ০৩
(ঘ) "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপক ও 'নেকলেস' গল্পের মূল বক্তব্য একই।"-তোমার মতামত দাও। ০৪

০৫। "আপনাদের পায়ে ধরি, দয়া করেন, এ সন্ধ্যাটা ভেঙে দেবেন না"- এভাবেই জরিনার বাবা হাহাকার করছিলেন। কিন্তু না'- বিলাত ফেরত পুত্রের জন্য যতটুকু আশা ছিল তা পূরণে ব্যর্থ হয়েছে জরিনার বাবা। ফলে এ সম্বন্ধ করবেন না আজমল সাহেব। একসময় জরিনা তার বাবার কান্না দেখে ছুটে আসে এবং জনতার মধ্যে কান্নায় ভেঙে পড়ে। সেও আর্তনাদ করে আকুতি জানায়, "বাবুরা, আমাকে তোমাদের সাথে নিয়ে যাও। আমি এ বিবাহ না হলে জীবন বিসর্জন দিব।" এরপরও বরপক্ষ তাদের আকুতিতে কর্ণপাত করেননি।

(ক) 'আমার বয়স সাতাশ'-'অপরিচিতা' গল্পে কার বয়সের কথা বলা হয়েছে? ০১
(খ) 'ও আবার কি বলিবে? আমি যা বলিব তাই হইবে'- মামার এ উক্তিটি ব্যাখ্যা কর। ০২
(গ) কল্যাণীর বাবার সাথে জরিনার বাবার তুলনা কর। ০৩
(ঘ) 'জরিনা যদি কল্যাণীর পথ অনুসরণ করত তবে তার নারীত্বের মর্যাদা অক্ষুন্ন থাকত' বলে কি তুমি মনে কর? যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ০৪

কবিতাংশ

০৬। হে সুন্দরী বসুন্ধরে, তোমা পানে চেয়েকতবার প্রাণ মোর উঠিয়াছে গেয়ে প্রকান্ড উল্লাস ভরে, ইচ্ছা করিয়াছে সবলে আকঁড়ে ধরি এ বক্ষের কাছে সমুদ্রমেখলা পরা তব কটিদেশ; প্রভাত রৌদ্রের মতো অনন্ত অশেষ ব্যাপ্ত হয়ে দিকে দিকে, অরণ্যে ভূধরে কম্পমান পল্লবের হিল্লোলের পরে করি নৃত্য সারাবেলা;

(ক) 'ঐকতান' কবিতাটি কোন কাব্যের অর্ন্তগত? ০১

(খ) 'এসো কবি অখ্যাতজনের।'-অখ্যাতজনের কবিকে কেন আহবান করা হয়েছে? ০২

(গ) উদ্দীপকের বর্ণনার সাথে 'ঐকতান' কবিতার যে দিকের মিল দেখা যায়, তা বিশ্লেষণ কর। ০৩

(ঘ) "উদ্দীপকের চিত্রময় বর্ণনার সাথে 'ঐকতান' কবিতায় চিত্রিত বিশ্ব সৌন্দর্য যেন একাত্মতা লাভ করেছে।"- মন্তব্যটি মূল্যায়ন কর। ০৪

০৭। শুন হে মানুষ ভাই,
সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।

(ক) নজরুল ইসলাম কত নম্বর বাঙালি পল্টনে সৈনিক হিসেবে যোগদান করেন? ০১

(খ) কবির মতে ধর্মগ্রন্থ পাঠে পন্ডশ্রম হয়ে কেন? বর্ণনা কর। ০২

(গ) উদ্দীপকে 'সাম্যবাদী' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে। ব্যাখ্যা কর। ০৩

(ঘ) উদ্দীপকের মূলভাব ও 'সাম্যবাদী' কবিতার মূলভাব এক ও অভিন্ন উক্তিটির মর্মার্থ বিশ্লেষণ কর। ০৪

০৮। এখন আকাশে চাঁদ, নদীতে পাল তোলা নৌকার ভেলা উঠোনে জোনাক ঝাঁক, ঝিকেমিকে জোছনায় করে খেলা। মন, তুমি কি নেবে না, দুহাতে জড়িয়ে আলোর এই ছোঁয়া? মানে নামে হাহাকার; কি যেন গেছে তার খোয়া মনের গভীর কোণে তাই বাজে বেদনার সুর সে তো ছিল কাছে, এই পাশে; আজ সে দূরে বহু দূরে।

(ক) 'তাহারেই পড়ে মনে' কবিতায় গন্ধে গন্ধে কি অধীর আকুল হয়েছে? ০১

(খ) 'মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি' বলতে কি বোঝানো হয়েছে? ০২

(গ) 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন দিকটি উদ্দীপকের তৃতীয় চরণে প্রকাশ পেয়েছে, তা ব্যাখ্যা কর। ০৩

(ঘ) 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবিমনের উপলব্ধির পরিপূর্ণতা উদ্দীপকের মধ্যে ফুটে উঠেছে- মন্তব্যটি বিশ্লেষণ কর। ০৪

০৯। ফিলিস্তিনের পশ্চিম তীরবর্তী রামাল্লার একটি গ্রামে এক নারী ইসরায়েল-ফিলিস্তিন যুদ্ধে ব্যবহৃত গ্রেনেডের খোলস ব্যবহার করে তা দিয়ে ফুল চাষ করে সাজিয়ে তুলেছেন নিজের বাগান। এ যেন এক অভিনব প্রতিবাদ যুদ্ধের ভয়াবহতার বিরুদ্ধে। যে গ্রেনেড কেবল যুদ্ধে কেবল ধ্বংসের কাজে ব্যবহার করা হয়, সেই গ্রেনেডের খোলসে ফুলের চাষ যেন অস্ত্র, রক্ত আর ক্ষমতার দাপটে গড়ে ওঠা আধুনিক বিশ্বের ভয়াবহতার মুখে চপেটাঘাত। আর এই আঘাত যেন যুদ্ধের বদলে ভালোবাসার জবাব।

(ক) অমোঘ অনন্য অস্ত্র কি? ০১

(খ) 'সভ্যতার সেই প্রতিশ্রুতি' বলতে কবি কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করেছেন? ০২

(গ) উদ্দীপকে বর্ণিত নারীর দৃষ্টিভঙ্গির সাথে 'সেই অস্ত্র' কবিতায় কবির দৃষ্টিভঙ্গির সাদৃশ্য দেখাও। ০৩

(ঘ) উদ্দীপক এবং 'সেই অস্ত্র' কবিতার মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'যুদ্ধ নয় শান্তি, অস্ত্র নয় ভালোবাসা'। -উক্তিটির যথার্থতা বিচর কর। ০৪

১০। ফেব্রুয়ারির একুশ তারিখ দুপুর বেলার অক্ত বৃষ্টি ঝরে, বৃষ্টি কোথায় বরকতেরই রক্ত।

(ক) 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশ কি? ০১

(খ) 'সারাদেশ ঘাতকের অশুভ আস্তানা।'- ব্যাখ্যা কর। ০২

(গ) উদ্দীপকে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার ভাবনার আংশিক প্রতিফলন ঘটেছে। - ব্যাখ্যা কর। ০৩

(ঘ) 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণিত ১৯৬৯ সালের গণঅভ্যত্থান মূলত উদ্দীপকের চেতনায় ঋদ্ধ।"- মন্তব্যটি বিশ্লেষণ কর। ০৪